# পবিত্র বাইবেল পরিচিতি ও পর্যালোচনা

বিভাগ/অধ্যায়ঃ নবম অধ্যায় - হত্যা ও যুদ্ধ-জিহাদ

রচয়িতা/সঙ্কলকঃ ড. খোন্দকার আব্দুল্লাহ জাহাঙ্গীর (রহ.)

## ৯. ৭. ৩. ৫. আরো অনেক গণহত্যা ও পায়ের বৃদ্ধাঙ্গুলি কেটে হত্যা

“ইউসার ইন্তেকালের পর বনি-ইসরাইলরা মাবুদকে জিজ্ঞাসা করল, ‘আমাদের হয়ে কেনানীয়দের সংগে যুদ্ধ করবার জন্য প্রথমে কে যাবে?’ জবাবে মাবুদ বললেন, ‘প্রথমে যাবে এহুদা গোষ্ঠীর লোকেরা; আমি তাদের হাতেই দেশটা তুলে দিয়েছি।’ এই কথা শুনে এহুদা গোষ্ঠীর লোকেরা তাদের ভাই শিমিয়ন গোষ্ঠীর লোকদের বলল, ‘যে জায়গাটা আমাদের ভাগে পড়েছে সেখানকার কেনানীয়দের বিরুদ্ধে যুদ্ধ করবার জন্য তোমরা আমাদের সংগে চল, আর আমরাও তোমাদের জায়গা দখলের জন্য তোমাদের সাথে যাব।’ এতে শিমিয়ন গোষ্ঠীর লোকেরা তাদের সাথে গেল। এহুদা গোষ্ঠীর লোকেরা আক্রমণ করলে পর মাবুদ তাদের হাতে কেনানীয় ও পরিষীয়দের তুলে দিলেন। তাদের দশ হাজার লোককে তারা বেষক শহরে হত্যা করল। সেখানে তারা অদোনী-বেষককে দেখতে পেয়ে তাঁর সংগে যুদ্ধ করল এবং কেনানীয় ও পরিষীয়দের হারিয়ে দিল। অদোনী-বেষক যখন পালিয়ে যাচ্ছিলেন তখন তারা তাঁকে তাড়া করে ধরে তাঁর হাত ও পায়ের বুড়ো আংগুল কেটে ফেলল। এতে অদোনী- বেষক বললেন, “আমি সত্তরজন বাদশাহর হাত ও পায়ের বুড়ো আংগুল কেটে ফেলেছিলাম। তারা আমার টেবিলের তলা থেকে এঁটোকাঁটা কুড়িয়ে খেত। আমি তাদের প্রতি যা করেছিলাম আল্লাহও আমার প্রতি তা-ই করলেন।” পরে তারা অদোনী-বেষককে জেরুজালেম নিয়ে গেলে পর তিনি সেখানে মারা গেলেন। এহুদা গোষ্ঠীর লোকেরা জেরুজালেম আক্রমণ করে তা অধিকার করে নিল। তারা শহরের লোকদের হত্যা করে শহরটাতে আগুন লাগিয়ে দিল।” (কাজীগণ ১/১-৮)

Source — https://www.hadithbd.com/books/link/?id=14617

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন